

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
এমআইএস বিভাগ

তথ্য অধিকার সংক্রান্ত চতুর্থ ত্রৈমাসিক অগ্রগতি সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মুহম্মদ আশরাফ হোসেন, সচিব, বিপিসি।
সভার তারিখ	:	২১/০৬/২০২৩।
সভার সময়	:	বেলা ১২.০০ ঘটিকা
স্থান	:	বিপিসি বোর্ড সভা কক্ষ।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা	:	পরিশিষ্ট – ক


১। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর লক্ষ্যমাত্রা কর্মসম্পাদন সূচকে কাঙ্ক্ষিত মান অর্জনের বিষয়ে সকলকে নির্দেশনা দেন।

২। তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিপিসি-তে আগত তথ্য প্রাপ্তির আবেদনসমূহ ব্যবস্থাপনার বিষয় সভাপতি জানতে চান। সদস্য-সচিব অবহিত করেন যে, বিদ্যমান অর্থবছরের অত্র অফিসে তথ্য চেয়ে কোন আবেদন দাখিল হয় নি। তবে সংস্থার নিয়োজিত তথ্য অধিকার কর্মকর্তা এ বিষয়ে কার্যক্রম অব্যাহত রেখেছেন। সংস্থার বার্ষিক প্রতিবেদন যথাসময়ে প্রকাশের বিষয়ে সভাপতি জানতে চান। এছাড়া, তথ্য অধিকার আইন ও বিধি সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রম সম্পন্ন এবং তথ্য অধিকার সম্পর্কে প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা অর্জনে বিষয়ে জানতে চান।

৩। বিস্তারিত আলোচনান্তে, সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	সিদ্ধান্তসমূহ
ক)	তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিশ্চিত করবে।
খ)	তথ্য অধিকার আইন, ২০০৯ এর অধীনে ২০২২-২৩ অর্থবছরে বিপিসি'তে দাখিলকৃত তথ্য প্রাপ্তির আবেদনসমূহের নিষ্পত্তি সংক্রান্ত তথ্য এমআইএস বিভাগে নির্ধারিত রেজিস্টারে সংরক্ষণ নিশ্চিত করতে হবে।
গ)	বিভাগ/শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা মাসিকভিত্তিক হালনাগাদ তথ্য ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
ঘ)	তথ্য অধিকার বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা অর্জনে বিপিসি প্রশিক্ষণ কেন্দ্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
ঙ)	চতুর্থ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন (এপ্রিল-জুন, ২০২৩) উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ করবে হবে।
চ)	স্বঃপ্রণোদিত প্রকাশযোগ্য তথ্যসমূহ সংশ্লিষ্ট বিভাগের সহায়তায় নিয়মিত হালনাগাদ করতে হবে।
ছ)	তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স হালনাগাদকরণের কাজ অব্যাহত রাখতে হবে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।






২১.০৬.২০২৩
(মুহম্মদ আশরাফ হোসেন)
সচিব

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

রিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

বিপিসি'র সচিব জনাব মুহম্মদ আশরাফ হোসেন এর সভাপতিত্বে ২১/০৬/২০২৩ তারিখ বুধবার বেলা ১২.০০ ঘটিকায় বিপিসি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর অধীনে তথ্য অধিকার সংক্রান্ত কমিটির ৪র্থ সভার উপস্থিতিঃ

বিপিসিঃ

ক্রমিক	নাম	পদবী	স্বাক্ষর
১।	জনাব মুস্তফা কুদরুত-ই-ইলাহী	মহাব্যবস্থাপক(বাঃ ও অপাঃ)	
২।	জনাব মোহাম্মদ নাজিম উদ্দিন	ব্যবস্থাপক (হিসাব/ফান্ড)	 ২১/০৬/২০২৩
৩।	জনাব কে, এম, রিয়াজ রহমান	উপ-ব্যবস্থাপক (এমআইএস)	
৪।	জনাব মোঃ শাহীন আনোয়ার	সহঃ ব্যবস্থাপক (প্রশাসন)	 ২১/০৬/২৩
৫।	জনাব মোঃ হেদয়তুল্লাহ	ব্যবস্থাপক (বাঃ ও অপাঃ)	 ২১.০৬.২০২৩
৬।			
৭।			